দৈনিক ইত্তেফাক

তারিখ 11 OCT 1991
পৃষ্ঠা 2 কলাম 6

## জগন্নাথ কলেজে মাষ্টার্স কোর্চ

আমাদের জগন্নাথ কলেজে অধিকাংশ বিষয়েই অনার্স কোর্স চালু আছে। প্রতিটি বিষয়ে শিক্ষার্থীর সংখ্যা বিশ্ববিদ্যালয়ের যে-কোন বিষয়ের চাইতে বেশী। গণিতের ছাত্র হিসাবে আমি উক্ত বিভাগের কথাই নিবেদন করিতেছি। বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে শিক্ষক ২৭ জন, অথচ আমাদের কলেজে আছেন মাত্র ৭ জন। একদিকে শিক্ষকের স্বল্পতা, অপরদিকে শিক্ষার্থীর আধিক্যের কারণে কোনো শিক্ষকের পক্ষেই সুষ্ঠুভাবে ক্লাস নেওয়া সম্ভব হয় না। তাই অনার্স অথবা মাষ্টার্স ডিগ্রীতে পড়িয়াও আমাদের প্রতিটি বিষয়ে 'প্রাইভেট' পড়িতে হয়। মাষ্টার্স ডিগ্রীতে এমন কিছু বিষয় আছে (যেমন ফলিত গণিত ইত্যাদি) যাহার কোন শিক্ষক আমাদের কলেজে নাই। অপরদিকে গণিতের 'বাস্তব বিশ্লেষণ' নামক অপরিহার্য বিষয়টি এখানে পড়ানো হয় না। বিষয়টি খুবই কঠিন হওয়ায় কেহই পড়াইতে চান না। এদিকে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ নাজমুচ ছায়াদাত,
গণিত (সম্মান) শেষবর্ষ, জগন্নাথ কলেজ, ঢাকা।

33